তারিখ ... 08 APR 2016 ...
পৃষ্ঠা ... ২৩ ... কলাম ৫ ...

কালের কণ্ঠ

# পুস্তক প্রকাশকদের কর্মসূচি ঘোষণা

নিজস্ব প্রতিবেদক ▷

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) অনুমোদন ছাড়াই শিক্ষার্থীদের পাঠ্যসহায়ক বই প্রকাশ ও বাজারজাতের সুযোগ চায় বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি। এ জন্য তারা প্রস্তাবিত শিক্ষা আইনের কয়েকটি ধারা ও উপধারা সংশোধন করার দাবি জানিয়েছে। এ দাবিতে সমিতির পক্ষ থেকে কর্মসূচি ঘোষণা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে সমিতির নেতারা এসব দাবি ও কর্মসূচি ঘোষণা করেন।

কর্মসূচিতে আছে ১০ এপ্রিল সকাল ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনারে মুখে কালো কাপড় বেঁধে নীরব প্রতিবাদ, পদযাত্রার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান এবং সারা দেশে বইয়ের দোকান বন্ধ রাখা।